

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ৪, ১৯৯৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

শাখা প্রঃ ৫

প্রজ্ঞাপন

তারিখ, ১৯শে শ্রাবণ ১৪০৪ বাং/৩রা আগস্ট ১৯৯৭ ইং

এস, আর, ও নং ১৮৪-আইন/৯৭—যেহেতু Town Improvement Act, 1953 (E.B. Act XIII of 1953) অতঃপর উক্ত Act, বলিয়া উল্লেখিত, এর Section 73 এর Sub-section (3)তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, অতঃপর রাজউক বলিয়া উল্লেখিত, এর এখতিয়ারাধীন এলাকার বিদ্যমান Master Plan বাতিলক্রমে একটি নতুন Master Plan অর্ন্ত মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং এস, আর, ও ৯১-আইন/৯৭ তারিখ ৩-৪-৯৭ ইং এর মাধ্যমে প্রকাশ করিয়া উহার বা উহার কোন অংশ বিশেষের উপর কোন ক্ষতিগ্রস্ত বা অন্য কোন ব্যক্তির আপত্তি বা সন্দেহাংশ উক্ত Section এর Sub-section (4) এ নির্ধারিত সময়সীমার মধ্যে দাখিল করার জন্য আহবান করিয়াছে;

এবং যেহেতু উক্ত সময়সীমার মধ্যে প্রাপ্ত আপত্তি বা সন্দেহাংশ বিবেচনা করিয়া সরকার উক্ত Section এর Sub-section (5) এ নির্ধারিত সময়সীমার মধ্যে কতিপয় সংশোধনসহ নতুন Master Plan-টি অনুমোদন করিয়াছে;

(২৯২৫)

মূল্য: টাকা ১.০০

অতএব, সেহেতু উক্ত Act এর Section 74 এর Sub-section (I) এর বিধান মোতাবেক সরকার অত্র প্রজ্ঞাপনের দ্বারা নতুন Master Plan এর অনুমোদনের বিষয়টি, অনুমোদিত Master Plan সহ, সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য প্রকাশ করিল।

বিশেষ দৃষ্টব্য: অনুমোদিত Master Plan এর একাধিক কপি ডি, এম, ডি, পি, রাজউক এনেক্স ভবন (ষষ্ঠ তলা) এ জনসাধারণের প্রদর্শনের সুবিধার্থে সংরক্ষিত থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

এম, এ, রাজেক

উপ-সচিব (প্রশাসন-২)।